সমকাল

তারিখ ... 26 OCT 2018 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# জবির 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ তথ্য ও প্রকাশনা দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এবার 'ডি' ইউনিটে ৫৯০টি আসনের (মানবিক ৩৬০, বিজ্ঞান ১৪৪, বাণিজ্য ও অন্যান্য ৮৬) বিপরীতে ৪৮ হাজার ১২ শিক্ষার্থী আবেদন করেছেন। এই ইউনিটে প্রতি আসনের বিপরীতে লড়বেন প্রায় ৮১ শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ রাজধানীর ২২টি কেন্দ্রে বিকেল ৩টায় এ পরীক্ষা শুরু হবে। 'ডি' ইউনিটের আসনবিন্যাস বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.jnu.ac.bd-এ পাওয়া যাবে।